ফাতওয়া নাম্বার: ৩৯

তারিখ: ২৫-০৬-২০২০ ইংরেজি

বর্তমানে কত টাকা থাকলে যাকাত দিতে হবে?

প্রশ্নঃ

বর্তমানে আমাদের কারো কাছে কত টাকা থাকলে যাকাত দিতে হবে।

সাবিত সিয়াম

উত্তর:

যাকাতের সর্বনিম্ন নেসাব সাড়ে বায়ান্ন ভরি রূপা। রূপার মুল্য প্রায় প্রতিদিনই ওঠানামা করে। গত এক মাস আগে পাইকারি বাজারে রূপার মূল্য ছিল ৬৫০ (ছয়শ পঞ্চাশ) টাকা। সে হিসেবে সাড়ে বায়ান্ন ভরির দাম আসে ৩৪১২৫ (চৌত্রিশ হাজার একশ পঁচিশ) টাকা মাত্র। বর্তমানের পরিমাণটা জানার জন্য বাজারমূল্য জেনে হিসেব করে নিতে হবে।

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

৩ ই যুলকা'দাহ, ১৪৪১ হি.

২৫ শে জুন, ২০২০ ইং